দৈনিক ইনকিলাব

২৩/১১/২০০০
তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৬ কলাম ৭.....

# ইডেন কলেজে দুই ছাত্রী গ্রুপে সংঘর্ষ ঃ আহত ৫

ইনকিলাব রিপোর্ট ঃ ইডেন মহিলা কলেজে গতকাল (রবিবার) দুই গ্রুপ ছাত্রীর মধ্যে সংঘর্ষ ও ধাওয়া-পাল্টা ধাওয়ার ঘটনায় ৪/৫ জন ছাত্রী ও এক বহিরাগত যুবক আহত হয়। আহতদের মধ্যে লাকী নামের এক ছাত্রীকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। ক্যাম্পাস সূত্র জানায়, ছাত্রদলের শাওন, লাকী ও মিতাসহ কয়েকজন ছাত্রী গতকাল বিকেলে কলেজের নতুন ভবনে যায়। এ সময় ইডেন কলেজের হল থেকে ছাত্রীদের একটি গ্রুপ আসমা আহমেদ লাকীকে নতুন ভবনে নিয়ে মারধর করে বলে অভিযোগ পাওয়া গেছে। ভূগোল বিভাগের লাকী জেবুন্নেসা হলের ৪০৮ নম্বর কক্ষের ছাত্রী। প্রহারে লাকীর মাথা ফেটে যায়। তাকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়া হয়। খবর পেয়ে পুলিশ কলেজে আসলে দু'গ্রুপের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া শুরু হয়। এতে ছাত্রদলের ৪/৫ জন ছাত্রী আহত হয়। এ সময় জুয়েল (২০) নামে এক বহিরাগত যুবক ছাত্রীদের নিক্ষিপ্ত ইটের আঘাতে আহত হলে তাকেও হাসপাতালে ভর্তি করানো হয়।

ছাত্রদলের বিবৃতি

এদিকে ছাত্রদল ঢাকা মহানগরী (দক্ষিণ) শাখার সভাপতি সাগীর আহমেদ ও সাধারণ সম্পাদক রফিকুল আলম মজনু গতকাল এক বিবৃতিতে বলেছেন, ইডেন কলেজে সাম্প্রতিককালে সংঘটিত অপ্রীতিকর ঘটনার সাথে ছাত্রদলের কোন সম্পৃক্ততা নেই। ইডেন কলেজে ছাত্রদলের কোন কমিটি নেই। এ ঘটনার সাথে জড়িতরা কেউ ছাত্রদলের সাথে যুক্ত নয়। নেতৃদ্বয় অবিলম্বে সংশ্লিষ্ট সকলকে ক্যাম্পাসের পরিবেশ শান্ত রাখার আহবান জানান।